ALL INDIA SENIOR SCHOOL EXAMINATION

2020 - 2021

# SAMPLE QUESTION PAPER
# SUBJECT - BENGALI
# FULL MARKS - 80
# CODE - (005)
# CLASS - X
# SESSION - 2020 - 2021

www.FirstRanker.com

# Class - X (2020 - 2021)
# Subject : Bengali

Time allowed : 3hrs. Maximum Marks :80

সময়- ৩ ঘণ্টা সর্বমোট অঙ্কঃ ৮০

## PART – A ( Objective type , MCQ Paper) --- 40 marks

1)প্রদত্ত অনুচ্ছেদ চারটির মধ্যে যে কোন তিনটির সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও-

A)প্রদত্ত অনুচ্ছেদটি পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর গুলি বেছে নিয়ে লেখ।

সবাই তাকে ডাকে ঘন্টা বলে। অবশ্য তার একটা ভালো নাম আছে। ঘন্টেশ্বর বৈরাগী। জাতিতে বৈষ্ণব ।তার এই নামের পেছনে একটা গল্প আছে। ঘন্টা তার মায়ের কাছে কতবার শুনেছে সে কাহিনী। তাদের গ্রামের পাশে রয়েছে এক শিব মন্দির। সবাই ঘন্টেশ্বর জিও শিবমন্দির জীউ শিবমন্দির বলেই ডাকে। বাবা নাকি খুব জাগ্রত। আপদে-বিপদে গ্রামের লোক বাবার মন্দিরে মানত করে। তাছাড়া বহুদূর দূরান্তের অনেকেই বাবার মন্দিরে এসে পুজো দেয়। মনস্কামনা পূরণের আশায় ।

বহুদিন কোন সন্তান না হওয়ায় ঘন্টার মা এই ঘন্টেশ্বর বাবার মন্দিরে মানত করে। ছেলে হলে ঠাকুরের নামের সঙ্গে মিল রেখে তারা নাম রাখবে। সন্তান কামনায় এক মায়ের আকুল প্রার্থনা বাবা ঘন্টেশ্বর এর কানে পৌঁছায়। মায়ের আশা পূর্ণ হয়। একদিন মায়ের কোল জুড়ে ঘন্টার জন্ম হয়। কথামতো নাম রাখা হয় ঘন্টেশ্বর। ছোট থেকেই গ্রামের সবাই তাকে ঘন্টা বলে ডাকত।

জাতিতে বৈষ্ণব হওয়ায় তার বাবা গ্রামে গ্রামে করতাল বাজিয়ে গান করে যা রোজগার করত তাতেই কোন রকমে সংসার চলে যেত। অবশ্য কিছু চাষের জমি ছিল। যা ফসল হতো তাতে ভাতের অভাব ছিল না।

সঠিক উত্তরটি নির্ণয় করে লেখ। (1x4)

a] ঘন্টেশ্বর বৈরাগী কে সবাই কি বলে ডাকত?

www.FirstRanker.com

i) ঘন্টা

ii) ঘন্ট

iii) ঘন্টেশ্বর

iv) বৈরাগী

b] ঘন্টেশ্বর বৈরাগীর পাশের গ্রামে কিসের মন্দির আছে?

i) রাধা কৃষ্ণ মন্দির

ii) কালী মন্দির

iii) শিব মন্দির

iv) হনুমান মন্দির

c] গ্রামে গ্রামে করতাল বাজিয়ে কে গান করত?

i) ঘন্টেশ্বর বৈরাগী

ii) ঘন্টেশ্বর বৈরাগীর বাবা

iii) ঘন্টেশ্বর বৈরাগীর কাকা

iv) ঘন্টেশ্বর বৈরাগীর মা

d] 'আশা' শব্দটির বিপরীত শব্দ হবে-

i) হতাশা

ii )প্রত্যাশা

iii )নিরাশা

iv) কুয়াশা

1B) প্রদত্ত অনুচ্ছেদ টি পড়ে সংশ্লিষ্ট প্রশ্ন গুলির সঠিক উত্তর গুলি বেছে লেখঃ-

হর্ষবর্ধনের বাড়ি চেতলায়। বাড়ির পিছনের ফাঁকা জায়গাটা ঘিরে করাত দিয়ে কাঠ চেরার এক কারখানা তিনি বানিয়েছেন। তাঁর আপিস ঘর বাড়ির একতলায়।

www.FirstRanker.com

হর্ষবর্ধন একদিন আপিসে বসে আছেন, হিসাব দেখছেন কারবারের। এমন সময় একটা লোক তাঁর দরবারে এসে দাঁড়াল। নিজের এক দরকার নিয়ে বলল,' বাবু আপনার বাড়ির সামনের অত বড় রোয়াক টা তো একদম ফাঁকা পড়ে থাকে, ওখানে আমার মিঠায়ের দোকান খুলতে দেন না একটা।'

'কিসের মেঠাই,হর্ষবর্ধন শুধোন।'

এই সন্দেশ, দরবেশ ,রসগোল্লা ,জিলিপি ,পান্তুয়া ,বোঁদে, খাজা গজা, মিহিদানা ,মতিচুর, দই ,রাবড়ি ...'বলে যায় লোকটা।

হর্ষবর্ধন হাঁ করে শোনেন। শুনতে শুনতে তাঁর হাঁ যেন আরো বড় হয়ে ওঠে–'সন্দেশ দরবেশ.... সন্দেশের দর রে বেশ তা আমার জানা আছে ভালোই,' তিনি বলেন।

'আবার খাবো, দেদার খাব .....হরেক রকমের মেঠাই বানাবো আমরা।' জানায় লোকটা।

'আবার খাবো আমরা দেদার খেয়েছি'। ঘাড় নাড়েন হর্ষবর্ধন : 'ভীম নাগের দোকানের।'

আবার খাবেন এখানে। আবার খাবার পরে আরো আছে –দেদার খাব, আমাদের নিজেদের বানানো। আনকোরা নিজস্ব পেটেন্ট। লোকটি প্রকাশ করে : 'দেদার খেতে হবে ––এমনই খাসা মেঠাই মশাই।'

বাঃ বাঃ! সে তো খুব ভাল কথা। বলে হর্ষবর্ধনের খটকা লাগে ––'প্রত্যেক খাবারটাই তো পেটেন্ট।পেটে দেওয়ার জন্যই তো সব ।তাই নাকি ?তাহলে?

হর্ষবর্ধনের উৎসাহ দেখে উৎসাহিত হয়ে লোকটি বলে:' পেটেন্ট মানে পেটে না দিয়ে রক্ষে নেই।'

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ। (1x4= 4)

a] হর্ষবর্ধন বাড়ির পিছনে ফাঁকা জায়গায় কিসের কারখানা বানিয়েছিল–

i) করাত দিয়ে কাঠ চেরার

ii) মেশিনে কাঠ চেরার।

iii) মিঠাইয়ের

iv) কাপড়ের

b] আপিসে বসে থাকাকালিন একটি লোক কিসের আর্জি নিয়ে হর্ষবর্ধনের কাছে এসেছিল –

i) কাপড়ের দোকান খোলার আবেদন নিয়ে

ii) কাঠের দোকান খোলার আবেদন নিয়ে

www.FirstRanker.com

iii) মিঠাইয়ের দোকান খোলার আবেদন নিয়ে

iv) কাগজের দোকান খোলার আবেদন নিয়ে

c] 'ভীম নাগের দোকানের'- কোন মিষ্টির কথা হর্ষবর্ধন বলেছে-

i) দেদার খাবো মিষ্টি

ii) আবার খাবো মিষ্টি

iii)মিহিদানা

iv) রসগোল্লা

d] দেদার শব্দটিকে কোন বাক্যে যথার্থ রূপে প্রয়োগ করা হয়েছে –

i) সেইবার দেদার বৃষ্টিতে দার্জিলিঙে ভিজেছিলাম ।

ii) সেইবার দার্জিলিঙে বৃষ্টিতে ভিজে দেদার হয়েছিলাম ।

iii) সেইবার দার্জিলিঙে বৃষ্টিতে দেদার ভিজেছিলাম ।

iv) দেদার সেইবার দার্জিলিঙে বৃষ্টিতে ভিজেছিলাম।

1C) প্রদত্ত অনুচ্ছেদ টি পড়ে সংশ্লিষ্ট প্রশ্ন গুলির সঠিক উত্তর গুলি বেছে লেখঃ–

শরৎ কালের এই ভোরটা কেমন যেন একটা ম্যাজিক জানতো।

রাত থাকতেই ঘুম চোখে উঠে পড়ত দেশশুদ্ধু বাঙালি। রেডিওতে মহালয়া শুনবে বলে। মহালয়ার প্রাতে প্রচারিত এই প্রাচীন বেতার অনুষ্ঠানটি কাল জয়ী নিঃসন্দেহে। কিন্তু প্রখ্যাত নামা কি না, তা নিয়ে যথেষ্ট সন্দেহ আছে।

অনুষ্ঠানের আসল নামটি যে 'মহিষাসুরমর্দিনী', সেটা আমরা সগৌরবে ভুলে থাকি। ইদানিং, ক্যাসেট বা সিডি বন্দি হয়ে মিউজিক ওয়ার্ল্ড এ নানা তাকের শোভাবর্ধন করে, সেই সূত্রে নাম টাও একটু একটু করে আমাদের কানের মধ্যে ঢুকেছে কিন্তু মনের মধ্যে বাসা বেঁধে রইল যে –নামটা, সেটা তিথি –মাহাত্ম্যের ই পরিচয়টুকু। কীভাবে যেন পিতৃপক্ষের শেষ ভোরে বাড়িতে– বাড়িতে ভেসে আসা 'মহিষাসুরমর্দিনীর' সম্মিলিত চন্ডী মন্ত্র ভুলিয়ে দিতে পারে যে, পিতৃপক্ষের অন্তিম দিনটি এখনো বাকি।অন্তরীক্ষ বাসী পিতৃপুরুষগণ এখনও অপেক্ষা করছেন মর্ত্যবাসীর তর্পনে তৃপ্ত হয়ে মহান আলয়ে ফিরে যাবেন বলে।যেন মনে মনে চব্বিশ ঘন্টা টপকে এগিয়ে গিয়ে মহালয়ার এই প্রভাতী অলক্ষ্যে মঙ্গল শঙ্খ বাজিয়ে ডেকে নেয় দেবীপক্ষ কে।শরতের আরও একটা ভোর ও আমাদের বাড়িতে বড় আনন্দ, বড় উত্তেজনার ছিল। তবে সে কোন বিশেষ তারিখ নয়।

ভোর রাত্তির থেকে তখন পুজোর ছুটিতে বেড়ানোর টিকিটের অগ্রিম বুকিং এর লাইন পড়ত ফেয়ারলি প্লেস এ।আর, সমস্ত ভ্রমণপ্রিয় বাঙালির মতো বাবাও গিয়ে দাঁড়াত সেই

www.FirstRanker.com

ভোরের অপেক্ষায়--বাৎসরিক সপরিবার ভ্রমণের নিঃশব্দ আয়োজন শুরু হতো সেই নিভৃত শারদপ্রাতে।ক্রমে আকাশ ফর্সা হয়ে আসত ।আর জানালার পাল্লা ধরে ঠায় দাঁড়িয়ে থাকত মা ,পাড়ার মোড়ে বাবার সেই এক মাথা কালো কোঁকড়া চুল গুলোর অপেক্ষায়।

ব্যস! পাড়ার বাঁকে খবরের কাগজ হাতে বাবা ।মা অমনি সজোরে বলত, ছবি, চা বসা ।আর পরোটা গুলো ভাজ এবার।

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ। (1x4= 4)

a] 'শরৎকালের এই ভোরটা কেমন যেন একটা ম্যাজিক জানত-' এই ভোরটা হল-

i) মহালয়ার ভোর

ii) ভাইফোঁটার দিনের ভোর

iii) দুর্গাপুজোর ভোর

iv) কালীপূজার ভোর

b] শরৎকালের অন্য একটা দিনের ভোরও খুব আনন্দের ছিল লেখকের কাছে-

i) দুর্গাপুজোর ষষ্ঠীর দিন

ii) পুজোর ছুটিতে বেড়াতে যাওয়ার অগ্রিম টিকিটের জন্য লাইন দেওয়ার দিন।

iii) ঠাকুর ভাসানের দিন।

iv) দুর্গাপুজোর নবমীর দিন ।

c) একমাথা কালো কোঁকড়া চুলগুলো দেখতে পাওয়ার অপেক্ষায় কে থাকত?

i) লেখক নিজে

ii) লেখকের মা

iii)ছবি

iv) লেখকের বাবা

d] ... ফিরে যাবেন বলে –বাক্যাংশটির সাধুরূপ হলো

i) ফিরে যাবেন বলিয়া

ii) ফিরে যাইবেন বলিয়া

www.FirstRanker.com

iii) ফিরিয়া যাইবেন বলিয়া

iv) ফিরিয়া যাইবেন বলে

1D) প্রদত্ত অনুচ্ছেদ টি পড়ে সংশ্লিষ্ট প্রশ্ন গুলির সঠিক উত্তর গুলি বেছে লেখঃ-

সেকালে ও একালে অনেকে ভূত দেখিয়াছেন ও ভূতের আবিষ্কার করিয়াছেন। স্পিরিচুয়ালিস্টরা ভূতের সঙ্গে কারবার করেন। কিন্তু কেহ ভূতের সৃষ্টি করিয়াছেন ,তাহা শুনি নাই ।বৈজ্ঞানিকেরা নাকি ভূত মানেন না; কিন্তু তাহারা ভূতের সৃষ্টি করিতে পারেন ।....বর্তমান প্রসঙ্গেও ভূতের কথা পাড়িতে হইবে; উহা বৈজ্ঞানিক পন্ডিতের সৃষ্টি। জেমস ক্লার্ক ম্যাক্সওয়েল গত শতাব্দীতে কেমব্রিজে পদার্থবিদ্যার অধ্যাপক ছিলেন ।তিনি এক রকম ভূতের কল্পনা করিয়া গিয়াছেন ;সেই ভূতের কথা এই প্রসঙ্গে উঠিবে ।

প্রদীপ জ্বালিয়ে আমরা রাত্রির অন্ধকার দূর করিয়া থাকি ,এবং তজ্জন্য কাঠ তেল-চর্বি পোড়াইয়া আলো জ্বালি এখানে লোকে গ্যাস পোড়ায় অথবা দস্তা পোড়াইয়া বিজুলিবাতি জ্বালায় ।মানুষে মনে করে,এ একটা প্রকাণ্ড বাহাদুরি ;অগ্নির আবিষ্কারের মতো এত প্রকাণ্ড আবিষ্কারই বুঝি আর কখনো হয় নাই। সূর্যদেব সন্ধ্যার পর সরিয়া পড়িয়া আমাদিগকে আলোকে বঞ্চিত করেন ;কিন্তু আমরা কেমন সহজ উপায় ঘোর অন্ধকারেও আমাদের কাজ সারিয়া লই ।মানুষকে ফাঁকি দেওয়া সহজ কথা নহে। সূর্যদেব আমাদিগকে ফাঁকি দিতে চান ;আমরা কিন্তু দিয়াশলাই ঢুকিয়া আলো জ্বালি, এবং হাজার হাজার মশাল ও প্রদীপ জ্বালিয়া ঘর ও নগর আলোকিত করিয়া তাহার পাল্টা দিই।

প্রকৃতিকে এইরূপে ফাঁকি দিয়া আমরা প্রফুল্ল হই। কিন্তু আমাদের মধ্যে যাঁহারা দূরদর্শী ও সূক্ষ্মদর্শী , তাঁহাদের নাম বৈজ্ঞানিক , তাঁহারা সম্প্রতি প্রশ্ন তুলিয়াছেন ,আমরা ফাঁকি দিতেছি, না ফাঁকি পড়িতেছি ?

www.FirstRanker.com

সঠিক উত্তরটি নির্বাচন করে লেখ। (1x4= 4)

a] ভূতের সঙ্গে কারা কারবার করেন-

I) বৈজ্ঞানিকেরা

ii) স্পিরিচুয়ালিস্টরা

iii) অধ্যাপকরা

iv) শিক্ষকরা

b) জেমস ক্লার্ক ম্যাক্সওয়েল কোন বিষয়ে অধ্যাপনা করতেন?

i) যাদুবিদ্যা

FirstRanker.com
Firstranker's choice
www.FirstRanker.com www.FirstRanker.com

ii) কলাবিদ্যা

iii) পদার্থবিদ্যা

iv) পরাবিদ্যা

c)'মানুষ মনে করে, এ একটা প্রকাণ্ড বাহাদুরি' – কোনটিকে বাহাদুরি বলে মানুষ মনে করে–

i) গ্যাস কয়লা দস্তা পুড়িয়ে বিজুলি বাতি জ্বালানো।

ii) প্রদীপ জ্বালাতে শিখে

iii) ভূত আবিষ্কার করে

iv) শিকার করতে শিখে

d) সৃষ্টি শব্দটির বিপরীত শব্দ হবে–

i) সৃজন

ii) গড়া

iii) ধ্বংস

iv) ক্ষণিক

www.FirstRanker.com

2)প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে সন্ধি করো। (যে কোন পাঁচটি) ( 1x5=5)

a) উদ্ + নয়ন=

i) উড্ডয়ন ii) উন্নয়ন iii) উদয়ন iv) উদায়ন

b) সম্+চয় =

i) সংচয় ii) সঙ্গয় iii) সঞ্চয় iv)সংশয়

c) বি + ছিরি =

i) বিছিরি ii) বিশ্রী iii) বিচ্ছিরি iv)বিশ্রি

d) হাত+দেখা =

i) হাদ্দেখা ii) হাৎদেখা iii) হাটদেখা iv)হাড্‌দেখা

www.FirstRanker.com

e) পর+ পর =

i) পরস্পর ii) পরম্পর iii) পরাপর iv) পরাস্পর

f) পদ্+ হতি=

i) পৎহতি ii) পদ্ধতি iii) পতদ্ধি iv) পদ্হতি

3)প্রদত্ত বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে সন্ধি বিচ্ছেদ করো।
(যে কোন পাঁচটি) ( 1x5=5)

a) ষষ্ঠ =

i) ষষ্ + ঠ ii) ষট্+ঠ iii) ষষ্ +থ iv) ষৎ+থ

b) আশ্চর্য =

i) আ+চর্য ii) আট+চর্য iii) আশ+চর্য iv) আস+চর্য

c) পাঁশ্শ =

i) পাঁশ+শ ii) পাঁচ+শ iii)পাস+শ iv) পাঁশ+স

d) সংশয়=

i) সম্+শয় ii) সৎ+শয় iii) সন্+শয় iv) স্ম+সয়

e) উদ্ধৃত =

i) উৎ+হৃত ii) উন+হৃত iii) উদ্+হৃত iv)উধ্+হৃত

f) তন্ময় =

i) তট্+ময় ii) তদ্+ময় iii)তন্+ময় iv)তম্+ময়

4)প্রদত্ত বিকল্পগুলি থেকে নির্দেশানুযায়ী সঠিক উত্তরটি বেছে নিয়ে বাক্যগুলিকে রূপান্তরিত করঃ- (যে কোন চারটি) (1x4=4 )

a)দিনটা খুব সুন্দর, কোথাও যেতে ইচ্ছে করছে।

www.FirstRanker.com

জটিল বাক্যে রূপান্তরিত করলে হবে-

i) যেহেতু দিনটা খুব সুন্দর তাই কোথাও যেতে ইচ্ছে করছে।

ii)যদিও দিনটা খুব সুন্দর তবুও কোথাও যেতে ইচ্ছে করছে।

iii)দিনটা যে খুব সুন্দর নতুবা কোথাও যেতে ইচ্ছে করছে।

iv) দিনটার এত সৌন্দর্য কোথাও যেতে ইচ্ছে করছে।

b) যদি রাত জেগে খেলা দেখো তবে শরীর খারাপ লাগবে।

সরল বাক্যে রূপান্তরিত করলে হবে-

i) রাত জাগলে শরীর খারাপ লাগবে।

ii) রাত জেগে খেলা দেখলে শরীর খারাপ লাগবে।

iii) রাত জেগে খেলা দেখছো তাই শরীর খারাপ লাগছে।

iv) রাত জেগে খেলা দেখো কিন্তু শরীর খারাপ লাগবে।

c) এত সম্পদ রহিয়াছে তাও দারিদ্র্য ঘুচিল না।

জটিল বাক্যে রূপান্তরিত করলে হবে-

i) যেহেতু এত সম্পদ রহিয়াছে সেইহেতু দারিদ্র্য ঘুচিলনা ।

ii) যদিও এত সম্পদ রহিয়াছে তবুও দারিদ্র্য ঘুচিল না।

iii) সম্পদ রহিয়াছে অথচ দারিদ্র্য ঘুচিল না ।

iv) এত সম্পদ রহিলেও দারিদ্র্য ঘুচিল না

www.FirstRanker.com

d) তুমি এত চঞ্চল বলে লেখা শেষ করতে অসুবিধা হয়।

যৌগিক বাক্যে রূপান্তরিত করলে হবে

i) তুমি লেখা শেষ করতে পারনা কারণ তুমি চঞ্চল।

ii) তুমি এত চঞ্চল তাই লেখা শেষ করতে অসুবিধা হয়।

iii) তোমার এত চঞ্চলতা লেখা শেষ করতে পার না ।

iv) যদিও তুমি এত চঞ্চল তবুও লেখা শেষ করতে অসুবিধা হয়।

e) আপনার পৌরুষের কথা আমি জানি।

যৌগিক বাক্যে রূপান্তরিত করলে হবে-

i) আপনার পৌরুষের কথা আছে এবং তা আমি জানি ।

ii) আপনার পৌরুষের কথা আমার অজানা নয় ।

iii) আপনার পৌরুষের যে কথা তা আমি জানি।

iv) আমি কিন্তু আপনার পৌরুষের কথা জানি ।

5) প্রদত্ত বাক্যগুলির নির্দেশানুযায়ী সঠিক রূপান্তরটি বেছে লেখঃ- (যে কোন চারটি) ( 1x4 = 4)

a) মেয়েটি কথা বলিল না,কিছুক্ষণ চুপ থাকিয়া হাঁটিতে লাগিল।

চলিত ভাষায় রূপান্তরিত করলে হবে

i)মেয়েটি কথা বলল না,কিছুক্ষণ চুপ থেকে হাঁটতে লাগল।

ii)মেয়েটি কথা কহিল না,কিছুক্ষণ চুপ থেকে হাঁটতে লাগল।

iii)মেয়েটি কথা বলল না, শুধু চুপ থেকে হাঁটতে লাগল।

iv) মেয়েটি কথা না বলে,কিছুক্ষণ চুপ থেকে হাঁটতে লাগল।

b) খড়খড়ি খুলে, হাত গলিয়ে দরজা খুলতাম।

সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে-

i) খড়খড়ি খুলিয়া,হাত গলিয়া দরজা খুলিতাম।

ii) খড়খড়ি খুলাইয়া,হাত গলাইয়া দরজা খুলিতাম।

iii) খড়খড়ি খুলিয়া,হাত গলাইয়া দরজা খুলিতাম।

iv) খড়খড়ি খুলিয়া,হাত গলিয়া দরজা খুলিতাম।

c) বৈকালের দিকটায় হঠাৎ চতুর্দিক অন্ধকার করিয়া কালবৈশাখীর ঝড় আসিয়া পড়িল।

চলিত ভাষায় রূপান্তরিত করলে হবে

i) বিকেলের দিকটায় হঠাৎ চতুর্দিক অন্ধকার করে কালবৈশাখীর ঝড় এসে পড়ল।

ii) বিকেলের দিকটায় হঠাৎ চারদিক অন্ধকার করে কালবৈশাখীর ঝড় এসে পড়ল।

iii) বিকেলের দিকটায় হঠাৎ চারদিক অন্ধকার করে কালবৈশাখীর ঝড় এসে পড়ল।

iv) বিকেলের দিকটায় হঠাৎ চতুর্দিক অন্ধকার করে কালবৈশাখীর ঝড় এসে পড়িল।

d)ভেবেছিল,একটু ঠাণ্ডা হলেই তার সাজ দেখিয়ে যাবে।

সাধুভাষায় রূপান্তরিত করলে হবে-

i)ভাবিয়াছিল,একটু ঠাণ্ডা হইলেই তাহার সাজ দেখাইয়া যাইবে।

ii) ভাবিয়াছিল,একটু ঠাণ্ডা হলেই তাহার সাজ দেখাইয়া যাইবে।

iii)ভাবিয়াছিল,একটু ঠাণ্ডা হইলেই তার সাজ দেখাইয়া যাইবে।

iv) ভাবিয়াছিল,একটু ঠাণ্ডা হলেই তাহার সাজ দেখাইয়া যাবে।

e) সেজন্য বিশ্বপ্রকৃতিকে আড়াল আবডাল থেকে দেখতাম।

সাধু ভাষায় রূপান্তরিত করলে হবে-

i) সেইহেতু বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল হইতে দেখিতাম।

ii) সেইজন্য বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল থেকে দেখিতাম

iii)সেইজন্য বিশ্ব ও প্রকৃতিকে আড়াল হইতে দেখিতাম।

iv) সেইজন্য বিশ্বপ্রকৃতিকে আড়াল-আবডাল থাকিয়া দেখিতাম।

6. সঠিক উত্তরটি বেছে লেখ - (M.C.Q. ) (যেকোন ৫টি) ( 1 X5 =5)

a) তপন খাতা-কলম নিয়ে কোথায় গেল?

i. চিলেকোঠার ঘরে

ii. দু তলার সিঁড়িতে

iii. তিন তলার সিঁড়িতে

iv. ছাদে

b) আলোবাবু এককালে কী বাজাতেন?

I. ডুগি তবলা

www.FirstRanker.com

ii. হ্যাট

iii. বাঁশি

iv.গিটার

c) অবিনাশবাবুর বড় ছেলের নাম কী?

i. দিনু

ii. বিনু

iii. তিনু

iv. মিনু

d) আলোবাবু পাখির বাচ্চাটিকে কিনেছিলেন কত দামে ?

i.দু আনা

ii.তিন আনা

iii.চার আনা

iv.সাড়ে তিন আনা

e) জগদীশ বাবুর বাড়িতে যে সন্ন্যাসী এসেছিলেন তিনি কোথায় থাকতেন?

i.নীলগিরির গুহায়

ii.উদয়গিরির গুহায়

iii.হিমাচলের গিরিগুহায়

iv.বিন্ধ্য পর্বতের গুহায়

www.FirstRanker.com

f) স্কুলের মাস্টারমশাই হরিদাকে কত ঘুষ দিয়েছিলেন ?

i.চার আনা

ii.বারো আনা

iii. আট আনা

iv. ছ–আনা

7. সঠিক উত্তরটি বেছে লেখ - (M.C.Q. ) (যেকোন ৫টি) ( 1 X5 =5)

a) সুভাগার পিতার নাম কি ?

i. বাপ্পাদিত্য

ii.প্রতাপাদিত্য

iii.দেবাদিত্য

iv.কনকাদিত্য

b) একদল যবন কোথা থেকে এসেছিল ?

i.বীরনগর

ii.শ্যামনগর

iii.জাভানগর

iv শ্রীনগর

c) রাজ কর্মকারেরা কী দিয়ে প্রকাণ্ড মন্দির আগাগোড়া মুড়ে দিতে লাগলো?

i.রূপার পাত

ii.তামার পাত

iii.সোনার পাত

iv.দস্তার পাত

www.FirstRanker.com

d) কে শিলাদিত্যের সঙ্গে বিশ্বাসঘাতকতা করে?

i. তাঁর সেনাপতি

ii. তাঁর মন্ত্রী

iii.তাঁর রানী

iv.তাঁর ভগিনী

e) 'সেই রক্তের দিকে চেয়ে প্রাণ কেঁদে উঠল।' কার প্রাণ কেঁদে উঠল ?

i. চন্দ্রাবতী

ii.সুভাগা

iii. পুষ্পবতী

iv.গায়েবী

f) 'গোহের সেই ছুরি ভীলরাজের বুকে সজোরে বিঁধে গেল। ' কিসের মত ?

i. শিকারী কুকুরের দাঁতের মতো

ii. দাঁতাল শুয়োরের দাঁতের মতো

iii. মত্ত হাতির দাঁতের মতো

iv. বিছার কামড়ের মতো

**PART – B – (Descriptive type pen paper test ) 40 marks**

8) নিচের প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও ( যেকোনো দুটি ) (2x2=4)

A) 'তা দেওয়া যায়! আমি বললে 'সন্ধ্যাতারার' সম্পাদক 'না' করতে পারবে না।'

আমি কে? সন্ধ্যাতারা কী?

B) 'জীবন্ত কোন জিনিস পোষবার সামর্থ্য নেই আমার।'

কী প্রসঙ্গে কার এই উক্তি?

C) জগদীশ বাবুর বাড়িতে হরিদা কি সাজে কখন যান?

9) নিচের প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও ( যেকোনো দুটি ) (2x2=4)

A) 'হাওয়া বিলাসী তিন জোড়া চোখ আটকে গেল ফ্রেমে।'

কবি কে? কবিতার নাম কি?

B) 'আমাদের পথ নেই কোনো।'

www.FirstRanker.com

কবি কে ? মূল কাব্যগ্রন্থের নাম কি ?

C) 'আমাদের দুহাত –এক –করা অঞ্জলিতে।'

কবির নাম কী? 'আমাদের' বলতে কাদের প্রসঙ্গে বলা হয়েছে?

10). নিচের প্রশ্নগুলির অতি সংক্ষেপে উত্তর দাও ( যেকোনো একটি) (1x2=2)

A) 'বৎসে দেবতার বরে মৃত্যু হয় না দেবতার অভিশাপে মৃত্যু হয় ।'

- একথা কে কাকে উদ্দেশ্য করে বললেন?

B)'প্রিয় সখি, তোমার হাতে আমার গোহকে সঁপে দিলুম।'

বক্তা কে? কাকে উদ্দেশ্য করে তিনি একথা বললেন ?

11) নিচের প্রশ্নগুলির নাতিদীর্ঘ উত্তর দাও ( যেকোনো দুটি ) (2x3=6)

A) 'আমায় ওরা সইল না কেউ/ আমার কাছে রইল না কেউ--'

বক্তার এরূপ মনোবেদনার কারণ কি গল্প অনুসারে লেখ।

B)'তপনের মনে হয় আজ যেন তার জীবনের সবচেয়ে দুঃখের দিন ।'

বক্তার এরূপ মনে করার কারণ উল্লেখ করো।

C)"খুব হয়েছে হরি, এবার সরে পড়ো।"

বক্তার এরূপ উক্তির কারণ ব্যাখ্যা কর।

12) . নিচের প্রশ্নগুলির নাতিদীর্ঘ উত্তর দাও ( যেকোনো দুটি ) (2x3=6)

A) 'আমাদের কথা কে –বা জানে
আমরা ফিরেছি দোরে দোরে।'

কবির এরূপ ভাবনার কারণ কি ?

www.FirstRanker.com

B) 'পথ হারিয়ে যায় সেদিকে, সেদিকে পথ আছেই।'

কবির চোখে নতুন পথ কিভাবে ধরা দিয়েছে?

C) 'শোনো কোরানের সুরাহার সঙ্গে উপনিষদের মন্ত্র'-প্রসঙ্গ উল্লেখ পূর্বক বক্তার বক্তব্য বিশ্লেষণ করো।

13). যেকোনো একটি প্রশ্নের নাতিদীর্ঘ উত্তর দাও। (3X1=3)

A) 'সেই কুন্ডের একধারে প্রকাণ্ড সূর্যমন্দিরেএক অতি বৃদ্ধ পুরোহিত বাস করতেন।'

- বৃদ্ধ পুরোহিতের পরিচয় দাও।

B)' মানুষের সব ইচ্ছা পূর্ণ হয় না ।'

কার কোন ইচ্ছা কেন পূর্ণ হয়নি গল্প অনুসারে লেখ।

14) প্রসঙ্গসহ ব্যাখ্যা কর - (5X1=5)

'তিন পাহাড়ের নকশিকাঁথায় শিশুর কলরব ।'

অথবা

'জগৎজোড়া সুখ আর দুনিয়া জুড়ে শান্তির জন্যে

একাসনে

একাকারে প্রার্থনা করছেন।'

15) সাম্প্রতিক অতিমারীতে গৃহবন্দী অবস্থায় তোমার মোবাইল ফোন তোমাকে কতটা সাহায্য করেছে তা জানিয়ে তোমার বন্ধুকে একটি পত্র লেখ-

অথবা

তোমার অঞ্চলের আগ্রহী অথচ গরিব শিশুদের জন্য একটি লাইব্রেরী তৈরির জন্য বিদেশে কর্মরত বাবার কাছে অর্থ সাহায্য চেয়ে একটি পত্র লেখ। (5)

www.FirstRanker.com

16). নিচের যে কোনো একটি বিষয়ে অবলম্বনে একটি অনুচ্ছেদ রচনা করো। (5)

A) ই-বুক আর বর্তমান শিক্ষার্থীরা/ ছাত্রছাত্রীরা

B) প্রকৃতির সেবায় মানুষ বনাম মানুষের সেবায় প্রকৃতি।

C)ঝড়ের দিনে বহুতল আবাসনের ঘরে একাকী থাকার অভিজ্ঞতা।

---------------------------

www.FirstRanker.com